২০

তারিখ 21 APR 1995
পৃষ্ঠা 7 কলাম 4

দৈনিক ইত্তেফাক

# পরীক্ষার প্রথম দিনে ৩টি স্থানে হরতাল

বরিশাল অফিস ।। এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হইতে বঞ্চিত শত শত পরীক্ষার্থী আজ ( বৃহস্পতিবার ) পরীক্ষার প্রথম দিনে ভোলা, বরিশাল ও বানারীপাড়ায় অর্ধ দিবস হরতাল আহ্বান করিয়াছে। একই

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## পরীক্ষার প্রথম দিনে

(১ম পৃঃ পর)

দাবীতে গতকাল ( বুধবার ) ভোলায় আংশিক হরতাল পালিত হয়। পরীক্ষার দ্বিতীয় দিনেও (২২শে এপ্রিল) এখানে অর্ধ-দিবস হরতাল ডাকা হইয়াছে। এই শহরে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল বেশ কয়েকবার জঙ্গী মিছিল বাহির করে। গাড়ীর উপর ইট-পাটকেল নিক্ষেপ করায় ৮ জনকে গ্রেফতার করা হইয়াছে। শহরের কেন্দ্রগুলিতে গতরাত হইতে পুলিশ মোতায়েন করা হইয়াছে। ভোলায় হরতাল চলাকালে মিছিল বাহির হয়। বানারীপাড়ায় আজকের হরতালের সমর্থনে গত সন্ধ্যায় পরীক্ষার্থীরা মশাল মিছিল বাহির করে। এখানে ২৬০ জন প্রবেশপত্র পায় নাই। কলাপাড়া থানায় বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল মিছিল করে। এখানে ৩১৯ জন প্রবেশপত্র পায় নাই। বরগুনায় ২৫৫ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায় নাই। শিক্ষা মন্ত্রণালয় যেকোন মূল্যে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য জেলা প্রশাসকদের নির্দেশ দিয়াছেন। এদিকে পরীক্ষার প্রথম দিনে হরতাল আহ্বান করায় অভিভাবকেরা দারুণ শংকিত।

পটুয়াখালী সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার প্রবেশপত্র না পাওয়ায় গতকাল জেলা সদর, বাউফল, গলাচিপা, কলাপাড়া ও মীর্জাগঞ্জ থানা সহকারী জজ আদালতে সংশ্লিষ্ট থানার ২৮টি হাই স্কুলের ৪৩৯ জন এসএসসি পরীক্ষার্থী যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পরীক্ষা-নিয়ন্ত্রকসহ ৬ জনের বিরুদ্ধে পৃথক পৃথক ৬টি মামলা দায়ের করে। এইসকল মামলায় উল্লেখিত আদালতের সহকারী জজগণ কেন ম্যাণ্ডেটরী ইনজাংশন জারী করা হইবে না মর্মে নোটিস প্রাপ্তির ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য বিবাদীগণের উপর নোটিস প্রদান করেন এবং উল্লেখিত পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।